

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা
http://www.dwa.gov.bd

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০২১.১৬.০০২.২৩.১৫

বিষয়: মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের ডি-নথিতে কার্যক্রম সম্পন্নকরণ প্রসঙ্গে।

সূত্র: ইউ ও নোট নম্বর: ৩২.০১.০০০০০০৬.২৫.১০২.২২.৩০, তারিখ ১০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাঠ পর্যায়ের ডি-নথি কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে এপিএ'র আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনায় ডি-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে উল্লেখ রয়েছে। সে মোতাবেক ডি-নথি ব্যবহার করে সকল কার্যক্রম সম্পন্ন করার জন্য স্মারক নং: ৩২.০১০০০০.০২১.১৮.০০১.২৩.৫২, তারিখ ২৮ জুলাই ২০২৩ খ্রি. মারফত নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ০৮ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. তারিখ জুম প্লাট ফর্মে মাঠ পর্যায়ের সকল উপপরিচালকের সমন্বয়ে ডি-নথি সংক্রান্ত সভা করা হয়। উক্ত সভায় ডি-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

(২) এতদসঙ্গেও মাঠ পর্যায়ের অধিকাংশ কার্যক্রম হার্ড নথিতে সম্পন্ন করা হচ্ছে। এমনকি অনেক কর্মকর্তা তাদের ডি-নথির ইউজার আইডি/পাসওয়ার্ড ভুলে গেছেন। কিছু সংখ্যক কর্মকর্তা-কর্মচারীর ডি-নথির ইউজার আইডি নাই মর্মে জানা যায়। অনেকে বদলীকৃত কর্মস্থলে ডি-নথির ইউজার আইডি স্থানান্তর করেন নাই। বারংবার ডি-নথির ব্যবহার বৃদ্ধির জন্য তাগাদা দেয়া হলেও ডি-নথির ব্যবহার এখনও পর্যন্ত সন্তোষজনক নয়। মাঠ পর্যায়ের কর্মকর্তা কর্মচারীদের ডি-নথির ব্যবহারে উদাসিনতার বিষয়টি মহাপরিচালক মহোদয়ের দৃষ্টিগোচর হয়েছে।

এমতাবস্থায় আপনার আওতাধীন সকল কার্যালয়সমূহে কর্মকর্তা-কর্মচারীর ডি-নথির ব্যবহার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ নিম্নে উল্লেখিত ছক পূরণ পূর্বক প্রোগ্রাম অফিসার (ই-সার্ভিস) ও ফোকাল পার্সন (ডি-নথি) বরাবর আগামী ২৭ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখের মধ্যে তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র:নং	কর্মকর্তা/ কর্মচারীর নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	ইউজার আইডি	বর্তমান কর্মস্থলে ইউজার আইডি না থাকার সুস্পষ্ট কারণ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬

বিষয়টি অতীব জরুরী।

১৩-০২-২০২৫
নিলুফার রহমান
উপ পরিচালক
০২-৪৮৩১৩৫৮২

উপপরিচালক (সকল) জেলা পর্যায় (আপনার আওতাধীন সকল উপজেলা কর্মকর্তা-কর্মচারীর ডি-নথির তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হলো)।

তারিখ: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০২১.১৬.০০২.২৩.১৫/১ (২)

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।
- ২। ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), পরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।



১৬-০২-২০২৫

মর্জিনা ইয়াসমিন

প্রোগ্রাম অফিসার ও ফোকাল পার্সন (ডি- নথি)